

# চাকসু নির্বাচনে ফল পুনঃনিরীক্ষণের পর জয়ী হলেন যিনি

চবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হল সংসদ নির্বাচনের ফল পুনঃনিরীক্ষণের পরও জিততে পারেননি ছাত্রদল কর্মী সুজাতা। আগের ফলের মতোই ১ হাজার ২০৬ ভোট পেয়ে ৩ ভোটের ব্যবধানে সোহরাওয়ার্দী হল সংসদের সহসভাপতি (ভিপি) নির্বাচিত হয়েছেন শিবির নেতা নিয়ামত উল্লাহ ওরফে আবরার ফারাবী।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সন্ধ্যা ৬টার দিকে বিষয়টি নিশ্চিত করেছেন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মনির উদ্দিন।

তিনি বলেন, ‘সোহরাওয়ার্দী হল সংসদের ভিপি পদে আবেদনের প্রেক্ষিতে ভোটের ফল পুনঃনিরীক্ষণ করা হয়েছে।

পুনঃনিরীক্ষণের পরেও ফলের কোনো পরিবর্তন ঘটেনি।’

এর আগে নির্বাচনের ফল ঘোষণাকে কেন্দ্র করে বুধবার (১৫

অক্টোবর) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে আইটি ভবনের সামনে

ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে উত্তেজনা ও হটগোলের ঘটনা ঘটে।

এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মো. কামাল উদ্দিনকে

ভবনের ভেতরে অবরুদ্ধ করে রাখেন ছাত্রদলের নেতাকর্মীরা। রাত

১টা পর্যন্ত দুইপক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করে।

পরে আবেদনের প্রেক্ষিতে ওই পদের ফল পুনঃনিরীক্ষণে সম্মত

হয় নির্বাচন কমিশন।